

মধ্য রাতের জানাডু। ঝড় উঠেছে। সে সময়..
সামনের ফটকে কেউ এসে দাঁড়াল মনে হচ্ছে।
পঁক পঁক
এ তো চেনা গাড়ি।
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
ডোরা এত রাতে? খবর ভাল তো?
এক্ষুণি গেটটা খোলো। ভিতরে গিয়ে বলব।
জানাডু
5-13
শুরু হল নতুন গল্প: 'আতঙ্ক'




© by King Features Syndicate, Inc. World rights reserved.



©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিল ওই ইন্সেলের কথা মন থেকে ঝেড়ে ফেললেও সু সেটা পারেনি..
বিল, তুমি সব থেকে ভয় পাও কীসে ?
ভয়..
ধরো বন্ধ একটা ঘর। হঠাৎ সেই ঘরে শয়ে শয়ে বিষধর সাপ..
বাপ্ রে।
“তবে শহরের সুরক্ষিত ঘরে সাপ আসার কোনও সম্ভাবনাই নেই এ সব বুঝিয়ে সুকে ঠান্ডা করে বিল।”
!
5-16
©2003 by King Features Syndicate, Inc. World rights reserved.


"কিন্তু সু বলে একদিন ওদের ঘরে ঠিক সেটাই ঘটল। অবিকল একটা হরর ফিল্ম।"
ওরা দুঃস্বপ্ন দেখেছিল এমনও হতে পারে।
না নার্দা..
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
"ওদের চোখের সামনে ঘটেছে গোটা কাণ্ডটা। হিস হিস করছে সাপ।"
এ যে গায়ে উঠছে।
গেছিরে বাবা। বাঁচাও, বাঁচাও।
5-17



© by King Features Syndicate, Inc. World rights reserved.


ডোরা বলছে তার কথা...
বিল ও সু-র মুখে তাদের ভয়াবহ অভিজ্ঞতা শুনে বাড়ি ফিরে দেখি..
ডোরা, একটু আগে এসেছে অদ্ভুত একটা ই-মেল...
নগদে ২ লক্ষ ডলার না দিলে যে ভয় পাচ্ছ সেটাই ঘটবে-
©2020 by King Features Syndicate, Inc. World rights reserved.
মার্ক, তুমি কী করবে এই বার্তার ব্যাপারে?
নগদে ২ লক্ষ ডলার
এটা।
5-20


স্বামী মার্ককে বললাম বিল ও সু একই রকম ই-মেল পেয়েছে...
আর বিলের যাতে সব থেকে ভয়, সেটাই ঘটেছে। ঘর ভর্তি সাপ। বিল এখনও আতঙ্কিত।
ধুস।
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
কার কীসে আতঙ্ক অন্যে জানবে কী করে? তুমি কী জানো আমার সব থেকে ভয় হল ডুবন্ত ডুবোজাহাজে আটকে পড়া? কখনও বলেছি তোমাকে?
5-21
তবে সমুদ্র থেকে বহুদূরে থাকি আমরা। অতএব এ নিয়ে মাথা ঘামানো নিরর্থক।
!


সেই দিনই রাত্রে..
তোরা, এখনও ই-মেলটা নিয়ে ভাবছ! ছাড়ো তো...
বাইরে সাংঘাতিক বৃষ্টি নেমেছে।
হঠাৎ...
?
?
5-22



© by King Features Syndicate, Inc. World rights reserved.



©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.


বিল ও সু-র মতো আমিও যাইনি পুলিশের কাছে। কারণ পুলিশ বিশ্বাসই করবে না।
মার্ককে বাঁচাতে ২ লক্ষ ডলার দিয়েই দেব স্থির করে ফেলেছি।
ডোরা, তুমি এখানে এসেছ কেউ জানে?
হাসপাতাল থেকে আমি সোজা এখানে এসেছি। কেউ দেখেছে বলে মনে হয় না।
5-25
অতঃপর


ম্যানড্রেক-নার্দা, ভেবো না আষাঢ়ে গল্প শোনাচ্ছি। যা বলছি পুরো সত্যি।
অবিশ্বাস করছি না।
ডোরা..
তুমি বলছ তোমাদের ঘর হঠাৎ জলে ভরে গেল...আবার জল সরেও গেল!
একদম ঠিক তাই। দেখি জামাকাপড়ও দিব্যি শুকনো
?
5-27


ব্যাপারটা শুনে মনে হচ্ছে বিলদের সঙ্গে একবার কথা বলা দরকার।
ওরা পুলিশকে কিছু বলেনি। তোমার সঙ্গেও কথা বলবে না।
5-28
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
তবে আমি বলছি মুহূর্তের মধ্যে ওদের ঘর সাপে ভর্তি হয়ে যায়...
কিন্তু একটা সাপও কামড়ায়নি ওদের।
হুম্।


কথাটা বলে একটু হালকা হলাম। এবার চলি।
আমি বরং পৌঁছে দিই তোমায়।
দরকার নেই। বৃষ্টিও থেমে গেছে।
মার্ক সুস্থ হয়ে উঠুক। এদিকে রহস্যটা উদ্‌ঘাটনের চেষ্টা করছি আমি।
এখন অনেক হালকা লাগছে।
জানাডু


ডোরাকে বললে হ'ত এখনই ওই ২ লক্ষ ডলার না দিতে। তুমি তো দেখছ ব্যাপারটা..
নার্দা, ওরা যা ভয় পেয়েছে টাকাটা ওরা দেবেই। মার্ক চায় না ঘটনাটা আবার ঘটুক।
5-30
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
যে শয়তানরা এই কাণ্ডটা ঘটাচ্ছে তাদের ধরা না পর্যন্ত ওদের ভয় ভাঙবে না।
ম্যানড্রেক-নার্দা! জলদি এদিকে এসো।
!!


তোমাদের পড়ার ও শোবার ঘরের ছাদে ফাটল ধরেছে।
প্রচণ্ড বৃষ্টিতে এ অবস্থা।
ছাদটা একেবারে গেছে। ভেঙে নতুন করে বানাতে হবে। ভাল রকম মেরামতির কাজ।
পরদিন
BUILD
মেরামতিতে সপ্তাহখানেক লাগবে। এ সময়টা শহরে অন্য কোথাও থাকতে হবে তোমাদের।
5-31


জানাডুর নিরাপত্তা অন্যত্র তো পাব না। তাই বেশ চিন্তা লাগছে।
ছাড়ো তো! এ তো মাত্র সপ্তাহখানেকের ব্যাপার।
আচ্ছা, তুমি সব থেকে ভয় পাও কীসে?
পরে বলব একদিন।
অজ্ঞাতপরিচয় একজন তখন টাইপ করছে ই-মেল
প্রাপক: ম্যানড্রেক ও নাদ
সাবধান
অতঃপর


পুলিশের সদর দফতরে..
ভয় দেখিয়ে ২ লক্ষ ডলার দাবি করার ব্যাপারে এখনও কেউ তো অভিযোগ দায়ের করেনি পুলিশের কাছে।
দুটি দম্পতি এ ঘটনার শিকার। ভয়ে তারা এগিয়ে আসছে না।
কেউ মারা তো যায়নি এখনও!
একজন স্ট্রোক হয়ে হাসপাতালে। মারা গেলে সেটা হত্যার অপরাধে দাঁড়াত।


মুশকিল হচ্ছে কেউ অভিযোগ দায়ের না করা পর্যন্ত আইনি ব্যবস্থা নেওয়া যাবে না।
সেটা আমিও বুঝছি। দেখি, বাইরে থেকে কী করা যায়। উভয়..
King Features Syndicate, Inc. World rights reserved.
..ক্ষেত্রেই হুমকিটা এসেছে ই-মেলে। কাজেই মাধ্যম কম্পিউটার।
হোটেলের ঘরে নার্দা..
?
ঠক
ঠকাং
6-5


এটা ইন্টারনেট, ই-মেলের যুগ। ধরুন আপনাকে কেউ ই-মেল পাঠিয়ে বলল, আপনার সব থেকে যাতে ভয়, তাই ঘটবে যদি না...
২ লক্ষ ডলার ঝটপট মিটিয়ে দেন। অথবা আপনি যদি..
©2022 by King Features Syndicate, Inc. World rights reserved.
কোনওভাবে এদের খপ্পরে পড়েন সে ক্ষেত্রে কী হবে?
এ অসম্ভব।
ই-মেলটা চেক করি বরং।
6-7


প্রাপক: ম্যানড্রেক ও নার্দা
সাবধান, তোমাদের সব
থেকে যাতে ভয়, শীঘ্রই তা
ঘটবে।
শেষে আমাদের
কাছেও পাঠিয়েছে
হুমকি দেওয়া সেই
ই-মেল!
6-3
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
নার্দা ভাবছে তার
চরমতম ভয় কীসে...
বার্তা গেল।
অতঃপর


বিচিত্র এক ই-মেল পেল নার্দা..
ভয় পেলে চলবে না আমাদের..
প্রাপক: ম্যানড্রেক ও নার্দা
সাবধান
তোমাদের সব থেকে যাতে
ভয়, শীঘ্রই তা ঘটবে
!
ঠক
ঠক
পাশের ফাঁকা ঘর থেকে আওয়াজ! ই-মেলের সঙ্গে এর কোনও সম্পর্ক আছে কি?
সাবধান
তোমাদের সব থেকে যাতে
ভয়, শীঘ্রই তা ঘটবে


কে তুমি ?
কোনও সাহায্য দরকার ?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
হোটেলের ম্যানেজার বলল, পাশের ঘর ফাঁকা। কিন্তু আমার ধারণা কেউ আছে ভিতরে !
মাদাম, পাশের দুটো ঘরই তো ফাঁকা বলে জানি।
!



পুলিশের সদর দফতরে
কার কীসে সব থেকে ভয় বাইরের মানুষ তা জানবে কী করে ম্যানড্রেক আমায় বোঝাও।
বলছি। এক মিনিট।
ক্রিরিং
ম্যানড্রেক বলছি।
তোমার রূপসী বউই আমায় তোমার ফোন নম্বরটা দিয়েছে।
আমি হলাম ডাঃ ক্রিম। 'সব থেকে ভয়ের ঘটনা বাস্তবে ঘটার' কারণটা জেনেছি।


এমন হুমকি পাওয়া লোকেদের সাক্ষাৎকার নিয়েছি আমি। এরা ভয়ে টাকাটা দিয়ে দিয়েছে অজ্ঞাত পরিচয় হুমকিদাতাকে। আমার ধারণা..
?
কোনও ভীতিসৃষ্টিকারী যন্ত্রের সাহায্যে এটা ঘটানো হচ্ছে। আরও জানতে চাইলে রাত ৮টায় একা সমুদ্রতীরে এসো। ক্লিক।
!


কে এক ডাক্তার ক্রিম নাকি এর কারণটা আবিষ্কার করেছে। আজ রাতে দেখা করতে বলল।
সে তো শহরের প্রান্তে। জায়গাটা বেজায় নিরিবিলি। যাচ্ছ তুমি?
6-14
দেখা যাক কী বলে? নার্দার চেনা লোক বোধ হয়।
রাস্তায় গাড়ি থামিয়ে নার্দাকে ফোনে ধরল ম্যানড্রেক..
লাইনটা এতক্ষণ ধরে এনগেজড! আশ্চর্য!


পুলিশ-প্রধান, এতক্ষণ ওখানে কী করছে ম্যানড্রেক?
ম্যানড্রেক ফোন করেনি তোমাকে? 'ভয়ের ঘটনা'-র ব্যাপারে সে তো গেল রহস্যজনক এক লোক, ডাঃ ক্রিমের কাছে।
ডাঃ ক্রিম! সে আবার কে?
চেনো না তাকে? বলল যে ফোন নম্বর তাকে তুমিই দিয়েছ?
আশ্চর্য! জীবনে ডাক্তার ক্রিমের নামই শুনিনি আমি!
কে সে?




রহস্যজনক ডা. ক্রিমের সঙ্গে দেখা করতে ম্যানড্রেক এল নির্জন সৈকতে...
কেউ তো নেই!
6-17
ওই ফোনটা বাজছে... ব্যাপারটা কী?
ক্রিং
ক্রিং
ক্রিং
আমার ফোন নাকি?
ক্রিং
ক্রিং



© by King Features Syndicate, Inc. World rights reserved.


অর্থাৎ কৌশল করে আমাকে শহরের বাইরের বাইরে আনা..
হ্যাঁ। ঠিক তাই। ও দিকে নার্দা যখন তার 'সব থেকে ভয়ের'..
মুখোমুখি হচ্ছে, তখন তুমি পাশে নেই। বেচারা।
ক্লিক।
?!!
6-19
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.


ফাঁদে পড়ে গেছি। সেলফোন জ্যাম করে দিয়েছে। ইস, নার্দাকে সতর্কও করতে পারছি না।
এই ফোনের লাইনও জ্যাম। নার্দাকে ধরতেই পারছি না।
হঠাৎ...
একটা হেলিকপ্টার। আমাকে অপহরণ করতে এগোচ্ছে নির্ঘাত।
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
6-20


ম্যানড্রেক, তোমার গাড়ি দেখে এ দিকে এলাম। এখানে কেন?
পুলিশ অফিসার জিম। খুব সময়ে এসেছ।
এক্ষুনি যেতে হবে নার্দার কাছে। ওর খুব বিপদ।
উঠে এসো।
ও দিকে হোটেলে নার্দা..
ওরা বলছে, দু' পাশের ঘরে লোক নেই, কিন্তু আমার মনে হচ্ছে কেউ আছে।
আরে! সব আলো জ্বলছে... তবু অন্ধকার হয়ে আসছে ঘরটা!
G-21


জিম, তুমি এ সময়ে এসে না পড়লে কী যে করতাম!
দাঁড়াও, আগে হোটেলে নার্দার কাছে গিয়ে পৌঁছই আমরা।
?
কার যেন হাঁটার আওয়াজ... খুব ভারী বুট পরে কেউ এগিয়ে আসছে!
থপ থপ থপ থপ
বরং হোটেলের লবিতে গিয়ে ম্যানড্রেকের জন্য অপেক্ষা করি।
এ কী, দরজাটা বন্ধ?.. খুলছে না তো!
6-22
নার্দার সব থেকে ভয় কীসে?
© by King Features Syndicate, Inc. World rights reserved.



পুলিশের কপ্টারে উঠল মানড্রেক..
শহরের দিকে যাচ্ছি।
কোথায় নামিয়ে দেব তোমাকে?
একটা হোটেলে। দেখিয়ে দেব আমি।
King Features Syndicate, Inc. World rights reserved
পরিষ্কার শুনতে পাচ্ছি রাস্তায় ভারী পায়ে চলার শব্দ...
থপ
থপ
থপ
চল্লিশ তলায় আছি, তাও পাচ্ছি পায়ের শব্দ...
কী সব ব্যাপার?


সব আলো জ্বলছে...তবু ঘর অন্ধকার হয়ে আসছে!
ফোনটাও কাজ করছে না।
কুয়াশায় ভরে যাচ্ছে ঘরটা। তাজ্জব কাণ্ড!
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
তবে কি আমার যাতে সব থেকে ভয়, সেটাই ঘটতে চলেছে?
6-25
THARGRAMDEV কাল: কীসে ভয় নার্দার।


বিশ্ব, বহির্বিশ্ব সর্বত্রই নানা অশুভ শক্তির মোকাবিলা করে আসছি আমরা, কত বছর ধরে..
মোকাবিলা করেছি মহাকাশে, অন্য গ্রহেও...শেষ অবধি জিতেওছি...
6-26
কিন্তু কেউ জানে না আমার সব থেকে ভয় কীসে...
সে হল নৃশংস খুনি 'জ্যাক দ্য রিপার'...যে কখনও ধরা পড়েনি।
সে অতীতের মানুষ...তবু তাকে ভয় পাই আমি।



জিম, সামনের ওই হোটেলটা।
রাস্তায় তো নামানোর জায়গা নেই।
বরং হোটেলের ছাদে নামিয়ে দিই তোমাকে।
সেটাই ভাল।
6-27
by King Features Syndicate, Inc. World rights reserved.
কিন্তু এত হাওয়া, ছাদে নামানো যাচ্ছে না।
কন্তু নার্দাকে বাঁচাতে আমাকে নামতেই হবে।


ছাদের যত কাছে পারো নিয়ে যাও। মই ধরে নামব।
!
প্রচণ্ড হাওয়া। খুব সাবধান ম্যানড্রেক।
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
ওদিকে হোটেলে আতঙ্কিতা নার্দ
থপ থপ
কী সব উল্টোপাল্টা দেখছি!
ঘরটা হয়ে গেল কুয়াশা মোড়া অতীত-লন্ডনের রাস্তা..
6-26


তাড়াতাড়ি নামো ম্যানড্রেক।
ঝাঁপ দিতেই হবে...
হোটেলের ঘরটা হয়ে গেল অতীতের লন্ডন...জ্যাক দ্য রিপারের সময়ের...
সেই পায়ের শব্দ...ক্রমশ এগিয়ে আসছে!
একা হোটেলের ঘরে নার্দা..
অতঃপর
6-29


জীবনের ঝুঁকি নিয়ে কপ্টার থেকে হোটেলের ছাদে ঝাঁপাল ম্যানড্রেক..
নার্দার কাছে যেতে হবে এক্ষুনি..
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
প্রথমে হোটেলের ঘরটা হয়ে গেল প্রাচীন লন্ডনের রাস্তা..
..তারপর সেই পদশব্দ...এদিকেই আসছে!
7-1



জানাডুর বাড়িতে মেরামতির জন্য শহরের এক হোটেলে উঠল ম্যানড্রেকরা..
নার্দা, স্রেফ কয়েকটা দিন।
তুমি পুলিশের কাছে যাও। আমি এ দিকটা সামলাচ্ছি।
মাদাম, আপনাদের পাশের দু'দিকের ঘরই খালি। নিরিবিলিতে থাকতে পারবেন।



©2012 by King Features Syndicate, Inc. World rights reserved.


দরজার লকটা আটকে গিয়েছে। ঘর থেকে বেরোতে পারছি না।
নবটা ঘুরিয়ে দেখুন...খুলে যাবে।
?
দেখলেন তো খুলে গেল। এত ঘাবড়াচ্ছেন কেন?
!!




by King Features Syndicate, Inc. World rights reserved.


আশ্চর্য ব্যাপার!
ধুপ
ধাপ
ধুপ
পাশের দরজাটায় ধাক্কা দিচ্ছে কেউ।
অথচ হোটেলের লোক বলছে ওই ঘর খালি।
6-6



©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.



তুমি জ্যাক দ্য রিপার হতেই পারো না। সে একশো বছর আগে মরে গিয়েছে।
সে মরেছে তার কোনও প্রমাণ নেই।
আর আমার দরকার কয়েকটা মুহূর্ত.
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
7-6
সেই সময় দ্রুত পেরিয়ে যাচ্ছে।
!!
আতঙ্ক.



হোটেলের ঘর হয়ে গেল একশো বছর আগেকার লণ্ডন...সামনে জ্যাক দ্য রিপার...
এ হতেই পারে না।
অথচ তাই-ই হল।
তোমার সেই আতঙ্কের মানুষ আমিই।
বাঁচাও
নার্দার কণ্ঠ।


তুমি সে লোক হতেই পারো না।
সুন্দরী...আমিই সেই লোক।
বলো তো, এই নৃশংস খুনিকে দেখে কেমন লাগছে তোমার?
কোনও মন্তব্য নয়।
ম্যানড্রেক!
!!
ধড়াম্
7-9
by King Features Syndicate, Inc. World rights reserved.




©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.


ব্যাটা অজ্ঞান হয়নি তা হল।
উঃ কী অন্ধকার।
অন্ধকারে কোথাও লুকিয়ে আছে।
হঠাৎ...
!


অন্ধকার সরে গেল...ঘরটা ফের পূর্বাবস্থায়...
কাপুরুষ তুমি।
ম্যানড্রেক এত তাড়াতাড়ি হোটেলে ফিরে এল কী করে?
©2012 by King Features Syndicate, Inc. World rights reserved.
যাক, কাজের কথায় আসি। আমায় দেখে ভয়ে কাঁপছিলে।
হ্যাঁ। জ্যাক দ্য রিপার ছিল আমার সব থেকে ভয়ের ব্যাপার। কিন্তু তাকে দেখার পর সে ভয় কেটে গিয়েছে আমার।
!
7-12


ভাবতাম, যদি কখনও জ্যাকের মুখে পড়ি..
কিন্তু জ্যাককে দেখার পর বুঝলাম তাকে ভয় পাওয়ার কিছু নেই।
না।
জ্যাক সত্যিই ভয়ানক।
এবার তার প্রমাণ পাবে সুন্দরী।
!!
7-13
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
অতঃপর


ম্যানড্রেক অজ্ঞান। তোমাকে বাঁচানোর জন্য কেউ আসবে না।
জ্যাক দ্য রিপারকে আর নাকি ভয় পাও না
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
এ বার দ্যাখো তবে।
!
7-15



ফুঃ। ওই মাখনের ছুরি দেখে কেউই ভয় পাবে না জ্যাক।
বাজে বোকো না। সাঙ্ঘাতিক ধার এতে।
সম্মোহন করছে ম্যানড্রেক...
ধুর। তোমার মাখনের ছুরি তো গলে পড়ে যাচ্ছে জ্যাক।
অ্যাঁ?
7-16


ফুঃ। ওই মাখনের ছুরি দেখে কেউই ভয় পাবে না জ্যাক।
বাজে বোকো না। সাঙ্ঘাতিক ধার এতে।
King Features Syndicate, Inc. World rights reserved.
সম্মোহন করছে ম্যানড্রেক...
ধুর। তোমার মাখনের ছুরি তো গলে পড়ে যাচ্ছে জ্যাক।
অ্যাঁ ?
7-16


যাঃ বাবা। ছুরিটা গলে পড়ে যাচ্ছে।
মাখন দিয়ে কী বানাবে তুমি?
প্যানকেক?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
নাও। খাও গিয়ে।
উঃ। গরম যে।
ম্যানড্রেকের সম্মোহন...
7-17


জাদু... প্যানকেক তাড়া করছে জ্যাককে...জ্যাক পালাচ্ছে...
উফ!
7-18
সিরাপ নেবে না?
ম্যানড্রেক, পালিয়েছে বজ্জাতটা।
রুম সার্ভিসের লোক ছাড়া আর কেউ তো নেই।
বলুন স্যার। কাউকে খুঁজছেন?


না, কালো ওভারকোট ও টুপি পরা কাউকে তো দেখিনি স্যার।
কী দেখছ?
এই লোকটাকে যেন আগে কোথাও দেখেছি
.কিন্তু মনে করতে পারছি না।
ম্যানড্রেকের পিছনে লিফটের দরজাটা খুলছে...
!
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.



না, কালো ওভারকোট ও টুপি পরা কাউকে তো দেখিনি স্যার।
কী দেখছ?
এই লোকটাকে যেন আগে কোথাও দেখেছি
...কিন্তু মনে করতে পারছি না।
ম্যানড্রেকের পিছনে লিফটের দরজাটা খুলছে...
!
King Features Syndicate, Inc. World rights reserved.


ইনি তো হোটেলের ডেস্ক ক্লার্ক।
ম্যানেজার পাঠালেন আমাকে। কোনও অসুবিধা হচ্ছে না তো?
সে ব্যাপারে তো বলেছি রুম সার্ভিসের এই লোকটিকে।
এ লোক তো আমাদের হোটেলের কেউ নয়! কে এ?
!!
7-20
কে লোকটি?


হোটেলের ডেস্ক ক্লার্কের চোখ ছানাবড়া.
এ লোকটাকে চিনিই না আমি..
এ হোটেলের কর্মীও নয়।
তুমি যেমন আছ... দাঁড়িয়ে থাকো।
কিছু গোলমাল হল নাকি স্যার ?
ক্লিক
এ কী ! সব অন্ধকার কেন ?
?
?


হলঘর পুরো অন্ধকার
?
!
!
সুন্দরী... যাতে তোমার সব থেকে ভয়...
আলো এসে গিয়েছে।
কিন্তু নার্দা নেই।
7-23


সেলফোন জ্যাম। পুলিশকে ডাকতে পারছি না।
লোকটাই কীভাবে ফোনের লাইন বন্ধ করে রাখে!
অন্য ফোনে চেষ্টা করতে হবে।
লবিতে একটা ফোন আছে।
আমাদের পাশের ঘরের দরজাটা খোলা..
অথচ ওই ঘরটায় তো কেউ নেই জানি!
7-24
©2012 by King Features Syndicate, Inc. World rights reserved


নার্দা, তুমি কি এখানে ?
?
ঘাবড়িও না ম্যানড্রেক। ছদ্মবেশে আমিই সেই 'জ্যাক দ্য রিপার'।
!
এটাই আসল আমি।


কণ্ঠস্বরে বুঝছি তুমিই সেই ডা. ক্রিম!
কিন্তু তুমি তো থ্রি-ডি চশমা ব্যবহার করো, যেটা এখন পরে নেই?
ওটা নেই, তবে টুপিটা পরে আছি। কে আমি?
তুমি রেবুট... যে কম্পিউটার জিনিয়াস অপরাধ করে জেলে গিয়েছিল। তুমি মুক্ত এখন?
7-26


তোমার জন্যই জেলে যেতে হয়েছিল আমাকে। এখন তার প্রতিশোধ আমি নেবই ম্যানড্রেক।
নার্দা কোথায়?
জ্যাক দ্য রিপারের ভয়ে সে সিঁটিয়ে আছে। তবে খুব কাছেই আছে তোমার সুন্দরী স্ত্রী.
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
কাছে তবু দূরে।
!
7-27
অতঃপর


পুরনো শত্রুর মুখোমুখি ম্যানড্রেক
রেবুট রেবুট
বলেছিলাম, দেখা হবে একদিন
আমার 'ভয় দেখানোর কলটা' কেমন লাগছে?
নার্দা কোথায় বলো এক্ষুনি
ধৈর্য ধরো। তোমার স্ত্রী খুব কাছেই আছে।
!!
7-29


7-30
দারুণ সফল হয়েছে আমার এ কলটা।
অবশ্য সবটাই কমপিউটারের কেরামতি।
আঁচ করেছি আমিও।
সম্ভাব্য শিকারের কাছে প্রথমে পাঠাই ই-মেল।
‘সকলেই বেশ ঘাবড়ে যায়... কারণ ভয় সকলেরই মনের কোণে
...!
২ লক্ষ ডলার না দিলে ঘটবে যাতে সব থেকে ভয় পাও.
অন্যে জানবে কী করে?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved


ওরা ই-মেল বার্তা পড়ার সময়ই আমার “ভয়ের কলে” উঠে যায় তাদের কীসে ভয় তার ভাবচিত্র..
অনেকটা লাই-ডিটেকটার মেশিনের মতো... কার কীসে ভয় ধরে ফেলে যন্ত্রটা।
বলো নার্দা কোথায়?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
ঘাবড়াচ্ছ কেন? এখনই দেখতে পাবে।
7-31



©2002 by King Features Syndicate, Inc. World rights reserved



ও সবে ভয় পাই না আমি। বলো নার্দা কোথায়?
তোমার পিছনেই।
কী হল? সুন্দরী স্ত্রী কোথায় দেখতে পাওনি?
ওই যে... কার্নিসে। ঠেললেই পড়ে যাবে।
নার্দা।


ওর কাছে যাওয়ার চেষ্টা করলে বিপদ... ভারসাম্য..
!
হারিয়ে পড়ে যেতে পারে নার্দা। কী করবে তুমি ?
ওদিকে হোটেলের লবিতে...
ম্যানড্রেকের ঘরে ফোন বেজেই যাচ্ছে। ধরছে না কেউ।
ছেড়ে দিন। আমি উপরে যাচ্ছি।
অতঃপর




© by King Features Syndicate, Inc. World rights reserved.



©2008 by King Features Syndicate, Inc. World rights reserved.


নীচের দিকে একদম তাকিও না নার্দা...
ব্যস! এ বার নিরাপদ তুমি।
কিন্তু ম্যানড্রেক, ওই বজ্জাতটা যে পালিয়ে গেল।
না, পারেনি।
উফ্!


লোথার!
ফোনে কিছুতেই পাচ্ছি না। তাই..
বলতে এসেছিলাম জানাডুতে মেরামতির কাজ শেষ।
!
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
আর এসে দেখি পালাচ্ছে বজ্জাত রেবুটটা। ও এখানে কেন?
সে এক দীর্ঘ কাহিনী.
পরে বলব তোমাকে লোথার।


হোটেলের ডেস্ক ক্লার্ক নিশ্চয়ই পুলিশে খবর দিয়েছে।
পুলিশ, ফুঃ। আমার হাতে অস্ত্র।
ওতে ভয় পাই না আমরা।
তাই নাকি! বেশ দেখা যাক এতে ভয় পাও কি না। সামনে দ্যাখো..
জ্বলন্ত আগ্নেয়গিরি থেকে বেরোচ্ছে গলন্ত লাভা..
8/9


হোটেলের ডেস্ক ক্লার্ক নিশ্চয়ই পুলিশে খবর দিয়েছে।
পুলিশ, ফুঃ। আমার হাতে অস্ত্র।
ওতে ভয় পাই না আমরা।
তাই নাকি! বেশ দেখা যাক এতে ভয় পাও কি না। সামনে দ্যাখো..
জ্বলন্ত আগ্নেয়গিরি থেকে বেরোচ্ছে গলন্ত লাভা..
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.




© by King Features Syndicate, Inc. World rights reserved


কম্পিউটার গ্রাফিক্সে ভয়াল সব জীবজন্তুর সমাবেশ
খাওয়াবে নাকি এদের। হাঃ হাঃ হাঃ।
উল্কাপাত দেখবে নাকি এ বার?
!!!


কামানের গোলা ফাটিছে।
কেমন লাগছে বলো তো?
কম্পিউটারে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে দিলেই ওর খেল খতম।
এটা কী করলে ম্যানড্রেক?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved


এ বার কী করবে রেবুট। তোমার কম্পিউটারের খেল খতম।
!
তোমাদের খতম করব।
এই অস্ত্রটা দিয়ে।
by King Features Syndicate, Inc. World rights reserved
8-14
এটা কিন্তু নকল নয় ম্যানড্রেক, আসল।
তোমার বুদ্ধি হবে কবে?
সাবধান ম্যানড্রেক।


আমার ভয়ের যন্ত্রে সকলকে ভড়কেছি..
আমি অসাধারণ।
তা তো বটেই।
সম্মোহন করল ম্যানড্রেক...
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
এ কী তুমি এত বড়... দরজায় আটকে যাবে
!!
8-15



©2002 by King Features Syndicate, Inc. World rights reserved




©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.


এতক্ষণে চিনেছি ব্যাটাকে...
কম্পিউটারে কী একটা কায়দা করে এ দুর্ঘটনায় ফেলত পুলিশের গাড়িকে।
হ্যাঁ। লোকটা কম্পিউটারে বিরল প্রতিভা।
তোমার এই প্রতিভাকে সৎপথে কাজে লাগালেও তো কোটিপতি হতে পারতে?
!
খুন। ওভাবে জীবন কাটিয়ে সুখ নেই।


পুলিশ-দফতরে
আমার বিরুদ্ধে প্রমাণ কী?
সেটা বিচারক স্থির করবেন।
কেন, তোমার 'ভয়ের কল'?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved.
জানি না বিচারে কী ধরনের সাজা পাবে..
জেলে কম্পিউটারের কাজও দিতে পারে।



শুনছি দীর্ঘদিনের মেয়াদ হবে তোমার। আমার উপদেশ..
জেলে কোনও ঝামেলা পাকিও না। ভদ্রভাবে..
থাকলে হয় তো কম্পিউটারের কাজই দিতে পারে তোমাকে।


ফের জানাডুতে..
হোজো, সব নতুন লাগছে।
ভয় পেয়ে যার স্ট্রোক হয়েছিল, সে এখন অনেক ভাল।
রেবুট জেলে। লোকেরা টাকাও ফেরত পেয়ে গিয়েছে।
8-23
©2002 by King Features Syndicate, Inc.
উঃ! লোকটা সত্যই সাঙ্ঘাতিক। বিশেষ করে যখন জ্যাক দ্য রিপারের ছদ্মবেশ নিয়েছিল। বাবা রে!
এ কেস শেষ।
না ম্যানড্রেক। একটা প্রশ্ন বাকি আছে।



ফের জানাডুতে..
হোজো, সব নতুন লাগছে।
ভয় পেয়ে যার স্ট্রোক হয়েছিল, সে এখন অনেক ভাল।
রেবুট জেলে। লোকেরা টাকাও ফেরত পেয়ে গিয়েছে।
উঃ! লোকটা সত্যিই সাঙ্ঘাতিক। বিশেষ করে যখন জ্যাক দ্য রিপারের ছদ্মবেশ নিয়েছিল। বাবা রে!
এ কেস শেষ।
না ম্যানড্রেক। একটা প্রশ্ন বাকি আছে।


একটা প্রশ্নের উত্তর তুমি আমাকে দাওনি। জানতে চেয়েছিলাম..
তোমার সব থেকে ভয় কীসে?
©2002 by King Features Syndicate, Inc. World rights reserved
উত্তরটা হল: তোমাকে হারানোর, বুঝলে!
সেটা কখনও হবে না।
এরপর: নতুন গল্প